



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

তারিখ :

বিষয় : সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: রবিউল হক এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র : ক) এ বোর্ডের ১৯/৪/২০১৭ খ্রি. তারিখের স্মারক : ক/অ/২৯৫ নং পত্র।

খ) আপনার ০৮/৫/২০১৭ খ্রি. তারিখের স্মারক : ৪৪.০২.৭০৩০.১৪৭.০২.০২৭.১৭ নং পত্র

গ) এ বোর্ডের ১৯/৭/২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৬৪ তম সভার গৃহীত সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে, কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন “বর্ডারগার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ”-এর অধ্যক্ষ জনাব মো: রবিউল হক গত ৮/১০/২০১৬ খ্রি. তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত হয়ে আছেন। সরকারের বর্তমান সিদ্ধান্ত অনুযায়ী সাময়িক বরখাস্তের বিষয়টি ০২ মাসের মধ্যে নিষ্পত্তি না হলে সংশ্লিষ্ট শিক্ষকের ফেরত যাওয়া অর্থ (এমপিও) পাওয়ার কোন সুযোগ থাকেনা। তা ছাড়া সাময়িক বরখাস্ত দীর্ঘদিন ধরে বহাল থাকা সমীচীন নয়।

এমতাবস্থায়, বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ১৯/৭/২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬৪ তম সভায় সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: রবিউল হক এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারপূর্বক তাকে স্বপদে পুনর্বহাল করে তার প্রাপ্য সমুদয় বেতন-ভাতাদি বিধিমোতাবেক পরিশোধ করার জন্য বলা হলো।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

সভাপতি, গভর্নিং বডি

বর্ডারগার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ

মিরপুর, কুষ্টিয়া

স্মারক নং- ক/অ/

৫৬৫ (৭)

তারিখ : ০৬/৬/২০১৭

অবগতির অনুলিপি প্রেরিত হলো :- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। জনাব মো: রবিউল হক, অধ্যক্ষ, (সাময়িক বরখাস্তকৃত) বর্ডারগার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, মিরপুর, কুষ্টিয়া
- ৭। সংরক্ষিত কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর